গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সাটুরিয়া, মানিকগঞ্জ

স্মারক নং- ০৫.৩০.৫৬৭০.০০০.২০.০০৩.২৫- ২০২/১ তারিখঃ ২৭/০৩/২০২৫ খ্রিঃ।

# "ইজারা বিজ্ঞপ্তি"

এতদ্বারা যুব মৎস্যজীবী নিবন্ধিত সমিতি ও সমবায় অধিদপ্তরের নিবন্ধিত প্রকৃত মৎসজীবীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সাটুরিয়া উপজেলাধীন নিম্নবর্ণিত ০৫ (পাচ) টি জলমহাল (খাস পুকুর) বাংলা ১৪৩২ সালের ১লা বৈশাখ হতে ১৪৩৪ সালের ৩০ শে চৈত্র পর্যন্ত ০৩ (তিন) বৎসর মেয়াদে ইজারা প্রদানের নিমিত্ত নিম্ন বর্ণিত শর্ত সাপেক্ষে সীল মোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে। এ সংক্রান্ত কার্যক্রম নিম্নবর্ণিত তারিখ ও সময় অনুযায়ী পরিচালিত হবে।

| আবেদন ফরম বিক্রয়ের তারিখ ও সময় | আবেদন দাখিলের তারিখ ও সময় | আবেদন খোলার তারিখ ও সময় | আবেদন প্রাপ্তির স্থান | আবেদন দাখিলের স্থান |
|---|---|---|---|---|
| ০৭/০৪/২৫ হতে ০৮/০৪/২৫ পর্যন্ত ১০:০০ টা হতে বিকাল ৩:০০ ঘটিকা পর্যন্ত | ১০/০৪/২৫ তারিখে দুপুর ১২:৩০ ঘটিকা পর্যন্ত | ১০ /০৪/২৫ বিকাল ৩:০০ ঘটিকায় | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সাটুরিয়া/ সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়, সাটুরিয়া, মানিকগঞ্জ। | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সাটুরিয়া, মানিকগঞ্জ |

## সাটুরিয়া উপজেলার বাংলা ১৪৩২ হতে ১৪৩৪ সনের ইজারাযোগ্য খাস পুকুরের তালিকা

| ক্রঃ নং | ইজারাযোগ্য জলমহালের নাম | ইউনিয়ন | তফসিল | | বার্ষিক ইজারা মূল্য | ০৩ বছরের ইজারা মূল্য | ইজারার মেয়াদ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | মৌজা | দাগ | | | | |
| ০১ | খল্লি ধানকোড়া খাস পুকুর ( রেকর্ডে ১.২৬ একর থাকলেও সরেজমিনে ০.২৫৫৫ একর পুকুর আছে। | ধানকোড়া | খল্লি ধানকোড়া | ৩৪৪৬ | ১৩৪১৪ | ৪০২৪২ | ১৪৩২-৩৪ | |
| ০২ | বালিয়াটি খাস পুকুর-০২ (০.৭৭ একর) | বালিয়াটি | বালিয়াটি | ১০১৩ | ৪০৪২৫ | ১২১২৭৫ | ১৪৩২-৩৪ | ৩৫ শতক নিয়ে দেঃ মোঃ ৯৮/১৬ চলমান। ব্যক্তিমালিকানাধীন পুকুরের সাথে একীভূত |
| ০৩ | জাজিরা পুকুর-০২ (০.১৩ একর) | বালিয়াটি | জাজিরা | ১০৭ | ৬৮২৫ | ২০৪৭৫ | ১৪৩২-৩৪ | ব্যক্তিমালিকানাধীন পুকুরের সাথে একীভূত |
| ০৪ | জাজিরা পুকুর-০১ (০.০৯ একর) | বালিয়াটি | জাজিরা | ১০১ | ৪৭২৫ | ১৪১৭৫ | ১৪৩২-৩৪ | ব্যক্তিমালিকানাধীন পুকুরের সাথে একীভূত |
| ০৫ | পৌলশুরা বিল (১.০০ একর) | দিঘলীয়া | পৌলশুরা | ৬৮৪ ৮৫০ | ৫২২৫০ | ১৫৬৭৫০ | ১৪৩২-৩৪ | কচুরিপানায় পরিপূর্ণ |

## ইজারার শর্তাবলী ঃ

০১। ০১ লা বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ হতে ৩০ শে চৈত্র ১৪৩৪ পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদের জন্য বদ্ধ জলমহাল ইজারা দেয়া হবে।

CamScanner

০২। দরপত্র সিডিউল, জেলা প্রশাসকের কার্যালয়, মানিকগঞ্জ/উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সাটুরিয়া/সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়, সাটুরিয়া, মানিকগঞ্জ হতে দরপত্র দাখিলের পূর্বদিন পর্যন্ত অফিস চলাকালে ক্রয় ও নির্ধারিত তারিখ এবং সময়ে উপজেলা নির্বাহী অফিসার, সাটুরিয়া, এর কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে দাখিল করা যাবে এবং ঐ দিন বেলা ৩:০০ ঘটিকার সময় দরদাতাদের সামনে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে।

০৩। দরপত্রের সাথে মৎস্যজীবি সংগঠন / সমিতির নিবন্ধন পত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

**০৪। দরপত্রের সাথে দরপত্রের উল্লিখিত দরের ২০% টাকা জামানত হিসাবে শুধু মাত্র তফসিল ভূক্ত ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার, উপজেলা নির্বাহী অফিসার, সাটুরিয়া এর বরাবর দাখিল করতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।**

০৫। নির্ধারিত মূল্যের উপর সর্বোচ্চ বৈধ দরপত্র দাতাকে জলমহাল ইজারা দেয়া হবে। তবে একাধিক দরপত্রে হার সমান হলে লটারীর মাধ্যমে ইজারাদার নির্বাচন করা হবে।

০৬। ইজারা গ্রহীতা জলমহালের দখল পাওয়ার পূর্বে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে নিজ খরচে চুক্তি সম্পাদন বন্দোবস্ত দেয়া হবে।

**০৭। ইজারাদার কোনক্রমেই ইজারা প্রাপ্ত খাস পুকুর অন্যের নিকট সাব-লীজ দিতে পারবেন না। শর্ত ভঙ্গ করলে ইজারা বাতিল বলে গণ্য হবে।**

০৮। ডাক যোগে কোন দরপত্র গ্রহণ করা হবে না। নির্ধারিত তারিখ ও সময়ের পর দরপত্রের বাক্স বন্ধ হয়ে গেলে কোন দরপত্র গ্রহণ করা হবে না।

০৯। দরপত্রসমূহ অবশ্যই সীল মোহরযুক্ত হতে হবে। সীল মোহর ব্যতীত কোন দরপত্র গ্রহণ করা হবে না।

**১০। গৃহীত ইজারাদারের দাখিলকৃত দরের উপর প্রতি বছর অতিরিক্ত ১০% হারে আয়কর এবং ১৫% হারে মূল্য সংযোজন কর ইজারা মূল্যের সাথে আলাদাভাবে এককালীন পরিশোধ করতে হবে।**

**১১। যদি ইজারার পর প্রমাণিত হয় ইজারা প্রাপ্ত সংগঠন/সমিতি যুব মৎস্যজীবী নিবন্ধিত বা সমবায় অধিদপ্তরের নিবন্ধনকৃত নয় তাহলে উক্ত ইজারা বাতিল করা যাবে।**

**১২। দরপত্র আবেদন ফরম গ্রহণকারী আবেদন ফরমের মূল্য বাবদ (অফেরতযোগ্য) ৫০০/- টাকা ট্রেজারী চালানের মাধ্যমে (১-৪৬৩১-০০০০-১২৬১ নং কোডে) জমা পূর্বক চালানের কপি দাখিল করে ফরম সংগ্রহ করবেন এবং চালানের কপি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।**

১৩। দরপত্র আবেদন ফরমে উল্লিখিত শর্ত সমূহ অবশ্যই পূরণ করতে হবে এবং চাহিত কাগজপত্র দাখিল করতে হবে।

১৪। ভূমি মন্ত্রণালয়ের ২৩ জুন, ২০০৯ তারিখে প্রকাশিত প্রজ্ঞাপন (ভবিষ্যতে সংশোধনী জারী হলে তা সহ) সকল ক্ষেত্রে অনুসৃত হবে।

**১৫। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।**

(মোঃ ইকবাল হোসেন)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
সাটুরিয়া, মানিকগঞ্জ।

স্মারক নং- ০৫.৩০.৫৬৭০.০০০.২০.০০৩.২৫-২০২/১ তারিখঃ ২৭/০৩/২০২৫খ্রি.

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ
ক) জেলা প্রশাসক, মানিকগঞ্জ।
খ) পুলিশ সুপার, মানিকগঞ্জ।
গ) অতিরিক্ত জেলা প্রশাসক ( রাজস্ব), মানিকগঞ্জ।
ঘ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সাটুরিয়া, মানিকগঞ্জ।
ঙ) উপজেলা নির্বাহী অফিসার, সাটুরিয়া, মানিকগঞ্জ

CamScanner

চ) সহকারী কমিশানার (ভূমি), সাটুরিয়া, মানিকগঞ্জ।
ছ) উপজেলা কৃষি কর্মকর্তা, সাটুরিয়া,মানিকগঞ্জ।
জ) উপজেলা সমবায় কর্মকর্তা, সাটুরিয়া,মানিকগঞ্জ।
ঝ) উপজেলা মৎস্য কর্মকর্তা, সাটুরিয়া,মানিকগঞ্জ।
ঞ) উপজেলা সমাজসেবা কর্মকর্তা, সাটুরিয়া,মানিকগঞ্জ।
ট) উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, সাটুরিয়া,মানিকগঞ্জ।
ঠ) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, সাটুরিয়া,মানিকগঞ্জ।
ড) ভারপ্রাপ্ত কর্মকর্তা, সাটুরিয়া থানা, মানিকগঞ্জ।
ঠ) চেয়ারম্যান .................................. ইউনিয়ন পরিষদ (সকল), সাটুরিয়া, মানিকগঞ্জ।
ণ) ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা (সকল) .................................. ইউনিয়ন ভূমি অফিস, সাটুরিয়া, মানিকগঞ্জ। তাকে বহুল প্রচার পূর্বক S/R দাখিল করার জন্য বলা হলো।
ত) ..........................................................................................................
থ) অফিস কপি।

(তানভীর আহমদ)
সহকারী কমিশনার (ভূমি)
ও
সদস্য সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
সাটুরিয়া, মানিকগঞ্জ।